

Powering Sydney's Future

POTTS HILL থেকে ALEXANDRIA পর্যন্ত ট্রান্সমিশন ক্যাবল প্রকল্প

সিডনির ব্যবসাকেন্দ্র এবং আশপাশের এলাকায় নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ২০ কিলোমিটার ব্যাপী নতুন একটি ভূগর্ভস্থ ক্যাবল স্থাপনের কাজ শুরু হতে যাচ্ছে।

TransGrid এর Powering Sydney's Future (ভবিষ্যৎ সিডনির বিদ্যুতায়ন) প্রকল্পে Potts Hill এবং Alexandria এর মধ্যে মাটির নিচে দিয়ে একটি নতুন বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে, সেই সাথে ভবিষ্যতে নগরীর বিদ্যুৎ চাহিদা নিরসনে তিনটি সাবস্টেশনকে আধুনিকায়ন করা হবে।

৩৩০ কেভি লাইনটি ৫০ বছরের পুরনো ক্যাবলগুলোকে প্রতিস্থাপন করবে যেগুলো এখন মেয়াদ সীমার শেষ পর্যায়ে এসে পৌঁছে গেছে। নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত সহায়তার পাশাপাশি এই প্রকল্প নির্মাণকালীন সময়ে ১৪০ টি কর্মসংস্থানের যোগান দেবে। নির্মাণ কাজ ২০২০ সালের আগস্ট এর গোড়ার দিকে শুরু করার পরিকল্পনা করা হয়েছে।

ক্যাবল রুট



নির্মাণ কাজে যা যা থাকবে

ক্যাবল বেশীরভাগ ক্ষেত্রেই রাস্তা বরাবর স্থাপন করা হবে, যার মধ্যে কিছু কিছু কাজ হবে পার্কগুলোতে। রেল করিডোর, নদী, প্রধান সড়কসমূহ এবং ভূগর্ভস্থ পরিষেবাগুলোর বাধা এড়াতে আমরা ক্যাবল ব্রিজ তৈরি করব এবং মাটির নিচে খনন করব (ভূগর্ভস্থ ক্রসিং)। TransGrid গ্লোবাল ক্যাবল সল্যুশন সরবরাহকারী প্রতিষ্ঠান Taihan কে নতুন ক্যাবলের নকশা এবং নির্মাণ কাজের জন্য নিয়োগ দিয়েছে।

প্রকল্পের প্রধান প্রধান তারিখসমূহ

বিস্তারিত নকশা সম্পূর্ণ করা

জুলাই ২০২০

ক্যাবল স্থাপন কাজ শেষ করা/
ক্যাবল পরীক্ষা শুরু করা

২০২২ সালের শেষের দিকে

নির্মাণ কাজ শেষ করা

২০২২ সালের শেষের দিকে

আগস্ট ২০২০


নির্মাণ কাজের শুরু

২০২২ সালের শুরুর দিকে

ক্যাবল পরীক্ষা শেষ করা


নির্মাণ কাজের সময় কী হতে পারে

ট্রেঞ্জিং বা পরিখা খনন



ট্রেঞ্জিং মানে হল প্রায় ৩ মিটার ব্যাসের একটি পরিখা খনন করা এবং ক্যাবলগুলো ঢুকানোর জন্য পাইপ স্থাপন করা। প্রতিটি বাড়ির সামনে প্রায় দুই সপ্তাহ কাজ চলবে।

ক্যাবলগুলোকে টানা



প্রতিটি জয়েন্ট বে অথবা সংযোগ স্থলে ক্যাবলগুলোর কিছু অংশ ভূগর্ভস্থ পাইপগুলোর ভেতর দিয়ে টানা হয়। এতে প্রায় দুই সপ্তাহ সময় লাগবে।

নির্মাণ সময়

সাধারণ নির্মাণ সময় হল সোম থেকে শুক্রবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা এবং শনিবার সকাল ৮ টা থেকে দুপুর ১ টা। এই সময়ের বাইরেও কিছু কিছু কাজ হতে পারে, যার মধ্যে রয়েছে সড়ক ও রেল কর্তৃপক্ষের চাহিদা মারফিক রাতের বেলায় কাজ।

আমরা আপনার সাথে কিভাবে কাজ করব

কমিউনিটির উপর নির্মাণ কাজের প্রভাব কমানোর জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা:


- আপনার এলাকায় কাজ শুরু করার পূর্বে আপনাকে জানাব এবং নিয়মিত হালনাগাদ তথ্য দেব
- যেসকল জায়গায় কাজ আরও বেশী বিঘ্নিত হতে পারে সেখানে গৃহ ও ব্যবসা সংক্রান্ত পরিকল্পনা করব
- নির্দিষ্ট সময়ের বাইরে কাজের শব্দের কারণে ক্ষতিগ্রস্ত বাড়িগুলোর জন্য বিশ্রামের উপযুক্ত সময়ের বিষয়ে পরামর্শ করব
- আপনার সাথে আপনার বাড়িতে প্রবেশের সীমাবদ্ধতাগুলি নিয়ে আলোচনা করব এবং যেখানে প্রয়োজন সেখানে বিকল্প ব্যবস্থা করব
- যেখানে আমাদেরকে রাস্তা, সাইকেল পথ কিংবা ফুটপাথ বন্ধ করে দিতে হবে সেখানে নিরাপদ বিকল্প রুটের ব্যবস্থা করব।



131 450


দোভাষীর জন্য অনুগ্রহ করে **131 450** নম্বরে কল করে **1800 955 588** নম্বরে TransGrid কে দিতে বলুন।
দোভাষী তখন আপনাকে অনুবাদের ক্ষেত্রে সহায়তা করবেন।

সংযোগ স্থল স্থাপন করা



প্রায় প্রতি ৯০০ মিটার অন্তর সংযোগ স্থল স্থাপন করা হবে।
প্রত্যেক স্থানে প্রায় দুই সপ্তাহ কাজ চলবে।

ক্যাবলগুলোকে সংযুক্ত করা



সংযোগ স্থলে ক্যাবলের কিছু কিছু অংশ সংযুক্ত করা হয়। এই কাজে আরও দুই সপ্তাহ সময় লাগবে।

আমাদের সাথে
যোগাযোগ
করুন

কমিউনিটি ইনফরমেশন লাইনঃ 1800 955 588
ইমেইলঃ psf@transgrid.com.au
ওয়েবঃ transgrid.com.au/psf
ডাক ঠিকানাঃ PO Box A1000 Sydney South NSW 1235



TransGrid